



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/পনি/জেএসসি/২০১৯/১৯২২

তারিখ : ০৬ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
১৮ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি.

বিষয়ঃ জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থীদের নিয়মিত সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ প্রসংগে।

সূত্র: আশিবো/প্রশা/২০১০/০৪ ও তারিখ: ২৩/০১/২০১৯ খ্রি:

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে,

১। আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাবকমিটির সিদ্ধান্ত অনুযায়ী ২০১৯ সালে অনুষ্ঠিতব্য জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় সকল পরীক্ষার্থীকে ২০১৯ সালের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০১৮ সালের অনুষ্ঠিত পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীদের পুনরায় ৮ম শ্রেণিতে ভর্তি হতে হবে এবং নিয়মিত সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। এক থেকে তিন বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা শুধু অকৃতকার্য বিষয়ে অথবা সকল বিষয়ে ২০১৯ সালের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে আংশিক বিষয়ের পরীক্ষার্থীদের পুনরায় ৮ম শ্রেণিতে ভর্তির বিষয়টি বাধ্যতামূলক নয়।

২। সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের নির্দেশক্রমে


✓ পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল

টেলিফোন : ০৪৩১-৬৪০৮৫

ই-মেইল barisalboard@gmail.com

প্রধান শিক্ষক

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন জেএসসি পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।